

চলন্ত বাসে নার্সকে ধর্ষণের পর হত্যার অভিযোগ আইন ও সালিশ কেন্দ্র (আসক)-এর গভীর উদ্বেগ

চলন্ত বাসে একজন নার্সকে ধর্ষণের পর হত্যার অভিযোগ উঠায় আসক গভীরভাবে উদ্বেগ প্রকাশ করেছে এবং দ্রুততার সাথে এ ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে জড়িতদের চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, একটি বেসরকারি হাসপাতালের নার্স শাহিনুর আক্তার (২৫) গত সোমবার ৬ মে ২০১৯, কিশোরগঞ্জের বাজিতপুর উপজেলার পিরিজপুর বাসস্ট্যান্ড পর্যন্ত যাওয়ার জন্য বেলা ৩টায় রাজধানীর মহাখালী থেকে স্বর্ণলতা পরিবহনের একটি বাসে উঠেন। বাসটি সময়মতো না পৌঁছানোর কারণে শাহিনুরের পরিবারের সদস্যরা উদ্বেগ হয়ে উঠেন। আরো জানা গেছে, পরিবারের সদস্যরা ঘটনার দিন রাত ১১টার দিকে খবর পেয়ে কটিয়াদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে শাহিনুরের লাশ দেখতে পান। ঐ দিন রাতে বাসটির চালক ও তার সহযোগীরা শাহিনুরের লাশ কটিয়াদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রেখে পালিয়ে যায়। শাহিনুরের পরিবার দাবী করেছে, চলন্ত বাসের চালক ও তার সহযোগীরা শাহিনুরকে ধর্ষণের পর এর দায় এড়াতে শাহিনুরকে হত্যা করেছে। ময়না তদন্ত ও ধর্ষণের আলামত রয়েছে কিনা, সেটি গুরুত্বের সাথে পরীক্ষার জন্য শাহিনুরের লাশ কিশোরগঞ্জ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

কয়েকবছর ধরে গণপরিবহনের চালক ও সহযোগীদের দ্বারা বেশ কয়েকটি ধর্ষণ ও যৌন হয়রানির ঘটনা ঘটেছে যা অত্যন্ত উদ্বেগজনক। এ ধরণের ঘটনা নারীর নিরাপত্তা, চলাচলের স্বাধীনতা সর্বোপরি তার মানবাধিকারের চরমতম লংঘন। এমন ঘটনা প্রতিহত করতে সরকারের কঠোর নজরদারি এবং জরুরি ব্যবস্থা গ্রহণ এখন সময়ের দাবি। আসক দ্রুততার সাথে শাহিনুরের হত্যার ঘটনার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার স্বার্থে অভিযুক্তদের গ্রেফতার এবং দ্রুততার সাথে বিচার প্রক্রিয়া সম্পন্ন করে দোষীদের আইনানুগ শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org